

■ সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১২৩৫

২. সালাত অধ্যায় (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ১০. আযানের (জবাবে) যা বলতে হয়

بَابِ مَا يُقَالُ عِنْدَ الْأَذَانِ

আরবী

أَخْبَرَنَا سَعِيدُ بْنُ عَامِرٍ حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ عَمْرُو عَنْ أَبِيهِ عَنْ جَدِّهِ أَنَّ مُعاوِيَةَ سَمِعَ
الْمُؤَذِّنَ قَالَ اللَّهُ أَكْبَرُ اللَّهُ أَكْبَرُ فَقَالَ مُعاوِيَةُ اللَّهُ أَكْبَرُ فَقَالَ الْمُؤَذِّنُ أَشْهُدُ أَنَّ
لَا إِلَهَ إِلَّا اللَّهُ أَشْهُدُ أَنَّ لَا إِلَهَ إِلَّا اللَّهُ فَقَالَ مُعاوِيَةُ أَشْهُدُ أَنَّ لَا إِلَهَ إِلَّا
اللَّهُ فَقَالَ الْمُؤَذِّنُ أَشْهُدُ أَنَّ مُحَمَّدًا رَسُولُ اللَّهِ أَشْهُدُ أَنَّ مُحَمَّدًا رَسُولُ اللَّهِ فَقَالَ
مُعاوِيَةُ أَشْهُدُ أَنَّ مُحَمَّدًا رَسُولُ اللَّهِ أَشْهُدُ أَنَّ مُحَمَّدًا رَسُولُ اللَّهِ فَقَالَ الْمُؤَذِّنُ حَيَّ عَلَى
الصَّلَاةِ حَيَّ عَلَى الصَّلَاةِ فَقَالَ لَا حَوْلَ وَلَا قُوَّةَ إِلَّا بِاللَّهِ فَقَالَ الْمُؤَذِّنُ حَيَّ عَلَى الْفَلَاحِ
حَيَّ عَلَى الْفَلَاحِ فَقَالَ لَا حَوْلَ وَلَا قُوَّةَ إِلَّا بِاللَّهِ فَقَالَ الْمُؤَذِّنُ اللَّهُ أَكْبَرُ اللَّهُ أَكْبَرُ لَا إِلَهَ إِلَّا
اللَّهُ فَقَالَ اللَّهُ أَكْبَرُ اللَّهُ أَكْبَرُ لَا إِلَهَ إِلَّا اللَّهُ ثُمَّ قَالَ هَكَذَا فَعَلَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ
وَسَلَّمَ

বাংলা

১২৩৫. মুহাম্মদ ইবনু আমর তার পিতা (আমর) হতে, তিনি তার দাদা হতে বর্ণনা করেছেন, মুয়াবিয়া রাদিয়াল্লাহু
আন্হ মুয়ায়িনকে আযান দিতে শুনতে পেলেন। যখন সে (মুয়ায়িন) বললো: 'আল্লাহু আকবার আল্লাহু
আকবার'। তখন মুয়াবিয়া রাঃও বলতে লাগলেন: 'আল্লাহু আকবার আল্লাহু আকবার'। যখন মুয়ায়িন বললো,
আশহাদু আল্ লা ইলাহা ইল্লাল্লাহ, 'আশহাদু আল্ লা ইলাহা ইল্লাল্লাহ'। তখন মুয়াবিয়া রাঃও বলতে লাগলেন:
আমিও বলছি, আশহাদু আল্ লা ইলাহা ইল্লাল্লাহ, তারপর 'আশহাদু আল্ লা ইলাহা ইল্লাল্লাহ'। যখন মুয়ায়িন
বললো, আশহাদু আন্না মুহাম্মাদান রাসূলুল্লাহ, আশহাদু আন্না মুহাম্মাদান রাসূলুল্লাহ, তখন মুয়াবিয়া রাঃও বললেন:
আশহাদু আন্না মুহাম্মাদান রাসূলুল্লাহ, আশহাদু আন্না মুহাম্মাদান রাসূলুল্লাহ। মুয়ায়িন যখন 'হাইয়া আলাস সালাহ'
বললো, তখন তিনি 'লা হাওলা ওয়ালা- কুওয়াতা ইল্লা বিল্লাহ' বললেন। মুয়ায়িন যখন বললেন: 'হাইয়া আলাল
ফালাহ, হাইয়া আলাল ফালাহ,' তখন তিনি বললেন, 'লা হাওলা ওয়ালা- কুওয়াতা ইল্লা বিল্লাহ'। তারপর
মুয়ায়িন বললেন: আল্লাহু আকবার, আল্লাহু আকবার। লা ইলাহা ইল্লাল্লাহ।' তখন তিনি বললেন, আল্লাহু আকবার,

আল্লাহ আকবার। লা ইলাহা ইল্লাল্লাহ।' তারপর তিনি বললেন: রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এরূপ
করেছেন।[1]

ফুটনোট

[1] তাহকীক: এর সনদ হাসান।

তাখরীজ: তাহাবী, শারহ মা'আনিল আছার ১/১৪৫; আরও দেখুন, হাফিজ ইবনু হাজার তাখরীজুল আয়কার পৃঃ
৩৬১-৩৬২ এবং পূর্ববর্তী টীকাটি।

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশার: হাদিসবিডি □ বর্ণনাকারী: মুহাম্মদ ইবনু 'আমর (রহঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=81518>

 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন